

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৩/৪৮

০৭ মার্চ, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ Self Clearance Licence (Self C&F) গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বিজিএ/কাস/২০২২/১৩৮, তারিখ: ০৪/০৭/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭/০৩/২০২৩ইং তারিখে বিজিএমইএ কর্তৃপক্ষের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রস্তাবনা নিয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Self Clearance Licence প্রদানের বিষয়ে আলোচনা হয় এবং চেয়ারম্যান দ্রুততার সাথে লাইসেন্স প্রদানের নিমিত্তে আশ্বাস প্রদান করেন।

এছাড়াও আপনারা সকলে অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আমদানিকৃত পণ্য খালাসের জটিলতা ও বিভিন্ন প্রতিষ্ঠানের বিন নম্বর ব্যবহার করে জালিয়াতি মাধ্যমে পণ্য চালান খালাস রোধকল্পে Self Clearance Licence প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে।


আমদানি পণ্য খালাসের প্রক্রিয়াকে সহজীকরণ করার বিষয়েও উক্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। কাস্টমস কর্তৃপক্ষ আমদানি পণ্য খালাসে জটিলতা পরিহারের নিমিত্তে রপ্তানিকারকগণকে Self Clearance Licence গ্রহণের জন্য উদ্বুদ্ধ করেন।

ইতিমধ্যে অনেক রপ্তানিকারক প্রতিষ্ঠান আমদানি পণ্য খালাসের জটিলতা ও বিন জালিয়াতি রোধের নিমিত্তে Self Clearance Licence গ্রহণ করেছে। উল্লেখ্য, Self Clearance Licence এর মাধ্যমে পণ্য খালাস করা হলে কাস্টমস কর্তৃপক্ষের উক্ত প্রতিষ্ঠানের প্রতি অধিকতর বিশ্বাস তৈরি হয়।

তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল ছাড়করণের ক্ষেত্রে স্বচ্ছতা ও খালাস প্রক্রিয়া ত্বরান্বিত করার নিমিত্তে অদ্যবধি যে সকল প্রতিষ্ঠান Self Clearance Licence গ্রহণ করেন নি তাদেরকে আবেদনকরণপূর্বক লাইসেন্স গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করছি।

লাইসেন্স গ্রহণের জন্য আবেদন করার পর লাইসেন্স প্রাপ্তিতে কোন জটিলতার সম্মুখীন হলে বিজিএমইএ'কে অবহিত করা এবং প্রয়োজনবোধে শাহীনুর আজ্জার, সিনিয়র উপ-সচিব, বিজিএমইএ মোবাইলঃ ০১৮২৩-৩৩৩৫৯৯ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি

Shahinur-customs

FARUQUE HASSAN
PRESIDENT

বিজিএ/কাস/২০২২/১৩৮

০৪ জুলাই, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) গ্রহন প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ এবং সহকর্মীবৃন্দ,
আসসালামু আলাইকুম,

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৪ জুলাই, ২০২২ তারিখে আমার নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দলের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের কাস্টমস সংক্রান্ত বিভিন্ন নীতি সহায়তা নিয়ে আলোচনা হয়। বিজিএমইএ হতে তৈরী পোশাক শিল্পের আমদানীকৃত পণ্য খালাসের ক্ষেত্রে বিভিন্ন কাস্টমস হাউসে সৃষ্ট জটিলতা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের নামে জালিয়াতীর মাধ্যমে পণ্য চালান খালাসের বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড উল্লেখিত সমস্যাটি সমাধানের জন্য তৈরী পোশাক শিল্পের উদ্যোক্তাদেরকে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) এর জন্য আবেদন করার পরামর্শ দেন। এই বিষয়ে কাস্টমস কর্তৃপক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। নিজস্ব সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্সের আওতায় আমদানী পণ্য খালাসের ক্ষেত্রে জালিয়াতীর সম্ভাবনা থাকবেনা। এছাড়াও ঢাকা কাস্টমস হাউসের মাধ্যমে স্যাম্পল খালাস প্রক্রিয়া সহজিকরণ হবে এবং বন্ডের আওতায় কাঁচামাল ছাড়করণের প্রক্রিয়া ত্বরান্বিত হবে।

এমতাবস্থায় তৈরী পোশাক শিল্পের কাঁচামাল ছাড় করণের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়ন ও খালাস প্রক্রিয়া ত্বরান্বিত করার নিমিত্তে সম্মানিত সদস্যদেরকে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি